

নেতাজী ভবন, কাছারী রোড, পোঃ ও জেলা -বর্ধমান

ফোন নং : ২৬৬২৩৭১, ২৬৬২৩৭২, ই-মেল-dpscburdwan@gmail.com ওয়েবসাইট -www.dpscburdwan.com

পত্রাংক : ৩৩০০/৫২

দিনাংক : ২১/৮/২০১৬

প্রতি

অবর বিদ্যালয় পরিদর্শক,চক্র,
বর্ধমান।

বিষয় : শিক্ষক/শিক্ষিকাদের ভবিষ্যনিধির নমিনি সম্পর্কিত।

নিম্নস্বাক্ষরকারী আপনাকে উপরোক্ত বিষয়ে অবগত করিতেছে যে, সংসদ কার্যালয় তাঁর নথিপত্র পর্যবেক্ষণ করিয়া দৃষ্টি আকর্ষণ করিয়াছে যে আপনার চক্রের অন্তর্গত ----- জন শিক্ষক/শিক্ষিকার ভবিষ্যনিধি তহবিলের নমিনি নির্ধারিত করা নেই।

আমরা সকলেই জানি শিক্ষক/শিক্ষিকাদের ভবিষ্যনিধির নমিনি করা প্রত্যেক শিক্ষক/শিক্ষিকার একান্ত করণীয় কর্তব্য। এজন্য মৃত শিক্ষক/শিক্ষিকাদের ক্ষেত্রে তাদের পোষ্যগণ পরবর্তী সময়ে এজন্য প্রচলিত সমস্যায় পড়েন এবং উত্তরাধিকারী নির্ধারণের প্রশাসনিক জটিলতায় মৃত শিক্ষক/শিক্ষিকাদের ভবিষ্যনিধির অর্থ পেতেও দেরী হয়। যা আমাদের কারোরই কাম্য নয়।

এমতাবস্থায় সংসদ অফিসের কাছে যে সমস্ত শিক্ষক/শিক্ষিকার নমিনির নথি নেই তার তালিকা আপনাদের কাছে পাঠানো হচ্ছে সেই মোতাবেক উক্ত নথি সংগ্রহ করে আগামী ২০-৯-২০১৬ মধ্যে অতি অবশ্যই সংসদে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হচ্ছে এবং তালিকা বহির্ভূত আপনার চক্রের অবশিষ্ট শিক্ষক/শিক্ষিকাদের নমিনির নথি আপনার হেপাজতে যথাযথভাবে সংরক্ষিত আছে কিনা তা পর্যবেক্ষণ করে সংসদে একটি রিপোর্ট উক্ত সময়ের মধ্যে পাঠাবার জন্য অনুরোধ করা হচ্ছে।

সংযোজন : নমিনি না থাকা শিক্ষক/শিক্ষিকাদের নামের তালিকা।



জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ

বর্ধমান।

প্র. সীমা
২১-৮-১৬

দিনাংক : ২১/৮/২০১৬

পত্রাংক : ৩৩০০/৫৯/৭

অনুলিপি : -

- ১) সচিব, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ২) কন্ট্রোলার অফ ফিন্যান্স, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৩) সহকারী বিদ্যালয় পরিদর্শক, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৪) প্রধান সহায়ক, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৫) সকল পি. এফ ইনচার্জ, জে. প্রা. বি. স, বর্ধমান সমগ্র বিষয়টি গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।
- ৬) সকল পি.এফ সহায়ক, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান, কে অনুরোধ করা হচ্ছে প্রত্যেক শিক্ষক/শিক্ষিকার নমিনির নথি পি. এফ লেজারে সংরক্ষিত করার জন্য।
- ৭) মুন্সী শওকত আলি, আপনাকে সমগ্র বিষয়টি সংসদের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হচ্ছে

সভাপতি

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।